[redacted]

[redacted] [redacted] [redacted] [

এসময় তার কাছ থেকে উদ্ধার করা হয় ৭০ গ্রাম গাঁজা ও গাঁজা সেবনের সরঞ্জামাদি। পরে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ওই মাদক সেবীকে দন্ড প্রদান করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

আদলত সুত্রে জানায়, মাদক দব্য নিয়ন্ত্রণ আইন তাকে জেল ও জরিমানা কার হয়েছে।

এসময় মেহেরপুর জেলা মাদকদ্রব্য অধিদপ্তরের পরিদর্শক আবুল হোসেন, উপপরিদর্শক মোহাম্মদ খসরু আল মাসুমসহ মাদক দ্রব্য অধিদপ্তরের একটি টীম উপস্থিত ছিলেন।

গাংনীতে কিশোরী সংঘের সদস্যদের প্রশিক্ষণ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মস্থান সহায়তা প্রকল্প-২ এর আওতায় স্কুলগামী শিক্ষার্থীদের নিয়ে দিনব্যাপি এক প্রশিক্ষণ কর্মশালা ও উপকরণ বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (৭ নভেম্বর) সকাল ১১ টার দিকে গাংনী উপজেলার এম,এইচ,এ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কিশোরী সংঘের সদস্যদের নিয়ে বিদ্যালয়ের সম্মেলন কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শাহ আলম। প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাক্তার আদিলা আজহার আরশি।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপজেলা সহকারি প্রোগ্রাম অফিসার (আইসিটি) আব্দুর রকিব।

এসময় বক্তব্য রাখেন উপজেলা সহকারি পল্লী উন্নয়ন অফিসার সাব্বির আহম্মেদ,এমএইচএ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারি শিক্ষক মফিজুর রহমান ও মানবজমিনের জেলা প্রতিনিধি সাহাজুল সাজু প্রমুখ।

গাংনীতে জাতীয় ইঁদুর নিধন অভিযান-২০২২ এর শুভ উদ্বোধন

র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে গাংনীতে জাতীয় ইঁদুর নিধন অভিযান-২০২২ এর শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার সময় গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে জাতীয় ইঁদুর নিধন অভিযান এর শুভ উদ্বোধন করা হয়।

‘বছরে ইঁদুর খাচ্ছে শস্য লক্ষ লক্ষ টন, খাদ্যে ঘাটতি রুখতে দরকার ইঁদুর নিয়ন্ত্রণ ’এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে ইঁদুর পানিতে চুবিয়ে নিধন অভিযানের উদ্বোধনী শেষে সমাবেশ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা মৎস্য অফিসার খোন্দকার সহিদুর রহমান, গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু, উপজেলা কৃষি সম্প্রসারন অফিসার রাসেল রানা প্রমুখ।

এসময় উপস্থিত ছিলেন, মুক্তিযোদ্ধা সোহরাব আলম, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।
এ অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, উপসহকারী কৃষি কর্মকর্তা শাহীন রেজা জুয়েলসহ কয়েকজন কৃষক ।

ইঁদুর নিধন নিয়ে বক্তারা বলেন, ইঁদুর আমাদের জাতীয় শত্রু। ইঁদুর প্রতি বছর চাষীদের উৎপাদিত ফসলের অনেকখানি ফসল নষ্ট করে দেয়।পরিবেশের ভারসাম্য রক্ষায় এক সময় সাপ, পেঁচা, ঈগল পাখী, শকুন, চিল ইত্যাদি পাখী ছিল। কিন্তু বর্তমান সময়ে সেসব প্রাণী বিলুপ্ত প্রায়্। তাই আমাদের সমন্বিত ভাবে ইঁদুর নিধন করতে হবে।

ইঁদুর এর ভয়াবহতাসহ বিভিন্ন ফসলের ক্ষতির পরিমাণ তুলে ধরে স্বাগত বক্তব্য রাখেন, উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন। বিভিন্ন ভাবে ইঁদুর নিধন করার কৌশল তুলে ধরেন তিনি। গ্যাস টোপ, নানা রকম

ফাঁদ পেতে, গর্তে পানি ঢেলে ইঁদুর নিধন করার কৌশল তুলে ধরেন লাভলী খাতুন।‘জাতীয় সম্পদ রক্ষার্থে ইঁদুর নিধনে সমন্বিত উদ্যোগ গ্রহন’ শ্লোগানকে নিয়ে ইঁদুর নিধন অভিযান -২০২২ উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে সরকারী কর্মকর্তা-কর্মচারী,উপ সহকারী কৃষি কর্মকর্তা, সাংবাদিকসহ শতাধীক কৃষক অংশ নেয়।

গাংনী উপজেলা প্রেসক্লাবের নির্বাচন সম্পন্ন লিংকন সভাপতি, পাভেল সম্পাদক

আড়ম্বর পরিবেশে গাংনী উপজেলা প্রেসক্লাবের দ্বি বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। গতকাল রবিবার (৬ নভেম্বর) বার্ষিক নির্বাচনে এম এ লিংকন সভাপতি ও এমএন পাভেল সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

নির্বাচনে সভাপতি পদে এমএ লিংকন পেয়েছেন ৮ ভোট নিকটতম প্রতিদ্বন্দ্বী জুলফিকার আলী কানন পান ৬ ভোট ও অপর প্রার্থী হারুন অর রশিদ রবি পেয়েছেন মাত্র ১ ভোট, সাধারণ সম্পাদক পদে ৯ ভোট পেয়ে এমএন পাভেল নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী লিটন মাহমুদ পান ৬ ভোট।

নির্বাচনে অতিথি ছিলেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, বাসসের মেহেরপুর প্রতিনিধি দিলরুবা খাতুন, চ্যানেল নাইনের মেহেরপুর প্রতিনিধি আবু নাসের চৌধুরী, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম, সিনিয়র সাংবাদিক মজনুর রহমান আকাশ, মাজেদুল হক মানিক।

নির্বাচনে তিন সদস্যের নির্বাচন কমিশনে প্রধান নির্বাচন কমিশনের দায়ীত্ব পালন করেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ত্ব সিরাজুল

ইসলাম। এছাড়া নির্বাচন কমিশন ছিলেন আবুল কাশেম অনুরাগী ও বদরুজ্জামান লাল্টু।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় শিশু ও নারীসহ ৫ জন আহত

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী বনবিভাগপাড়া এলাকায় কুকুরের সাথে পাখি ভ্যানের ধাক্কায় শিশু ও নারীসহ ৫জন আহত হয়েছেন।

আহতদের মধ্যে ১ জন কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ও ৪ জনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহতরা হলেন, গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের জামিরুল ইসলামের স্ত্রী লাইলী খাতুন (৪৫), তার ছেলে মোরছালিন (৪), গজাড়িয়া হেমায়েতপুর গ্রামের আইনাল হকের স্ত্রী রুপা খাতুন (৩৪) তার মেয়ে ইরিন খাতুন (১৪) ও একই উপজেলার বাদিয়াপাড়া গ্রামের আসাদুজ্জামানের স্ত্রী নিলা খাতুন (৫৫)।

আজ রবিবার (৬ অক্টোবর) বেলা ১১ টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা শহরের বনবিভাগপাড়া এলাকায় কুকুরের সাথে পাখি ভ্যানের ধাক্কায় রাস্তার উপর ভ্যানটি উল্টে গেলে তারা আাহত হন।

আহতদের মধ্যে নিলা খাতুনের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আহত ইরিন খাতুন বলেন, তারা পাখি ভ্যানে চড়ে তার এক আত্মীয়কে দেখতে মেহেরপুর জেনারেল হাসপাতালে যাচ্ছিলাম। গাংনী বনবিভাগ পাড়া এলাকায় একটি কুকুর রাস্তা পার হচ্ছিল। পাখি ভ্যানটি তার শরীরের উপরে চলে গেলে ভ্যাসনি উল্টে গিয়ে তারা আহত হন।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।

গাংনীতে ৫১তম জাতীয় সমবায় দিবস পালিত

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” এই প্রতিপাদ্যে গাংনী উপজেলায় পালিত হয়েছে ৫১তম জাতীয় সমবায় দিবস।

দিবসটি পালন উপলক্ষ্যে আজ শনিবার সকালে একটি বর্ণাঢ্য র্যালি গাংনী উপজেলা পরিষদ চত্ত্বর থেকে বের হয়ে শহর প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে উপজেলা পরিষদ সভাকক্ষে সমবায়ী আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সমবায় অফিসার মোঃ মাহাবুবুল হক মন্টুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথী ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। বিশেষ অতিথী ছিলেন গাংনী উপজেলা ইটভাটা মালিক সমিতির সাধারণ সম্পাদক মনিরুজ্জামান আতু, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান মাস্টার প্রমুখ।

গাংনী উপজেলা পরিষদ ও সমবায় অফিস আয়োজিত এ অনুষ্ঠানে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, উপজেলার বিভিন্ন সমবায়ী প্রধান ও সদস্য এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রীক মিডিয়ার সাংবাদিকগন উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে জেলহত্যা দিবস পালিত

গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলের উদ্যোগে জেলহত্যা দিবস পালিত হয়েছে।
দিবসটি পালন উপলক্ষে আজ ৩ সেপ্টেম্বর বিকেলে আলোচনা সভা ও দোয়া মহাফিল অনুষ্ঠিত হয়।

ধানখোলা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আলী আজগরের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোখলেছুর রহমান মুকুল। সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলের নিজ বাসভবনে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা কমান্ডার আমিরুল ইসলাম,সাবেক পৌর কাউন্সিলর নবীরুদ্দিন বিশ্বাস , কাজিপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাফিজুর রহমানসহ বিভিন্ন নেতৃবৃন্দ।

জাতীয় চার নেতাকে নির্মমভাবে জেলখানায় হত্যার তিব্র নিন্দা ও প্রতিবাদ জানান বক্তারা। পরে নিহত চার নেতার রুহের মাগফেরাত কামনা করে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন উপজেলা জামে মসজিদের পেশ ইমান সাইফুল ইসলাম।

জেলহত্যা দিবস পালন অনুষ্ঠানে গাংনী উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আওয়ামীলীগের নেতাকর্মীরা অংশগ্রহন করেন।

গাংনীতে ভাইয়ের মামলায় বোন ও দেবর গ্রেফতার

বাড়ি ভাঙচুরের চেষ্টা,ভাই ও ভাবীকে মারধরের ঘটনায় ভাইয়ের দায়ের করা মামলায় আপন বোন ও তার দেবরকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ। এরা হলেন মামলার বাদীর বোন আফরোজা বেগম ও তার চাচাত দেবর কামালা হোসেন।

মামলার আইও উপপরিদর্শক (এসআই) মাসুদ গোপন সংবাদে হাড়াভাঙ্গা গ্রামে তাদের বাড়িতে অভিযান চালিয়ে এই দুজনকে গ্রেফতার করেন।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদ এ তথ্য নিশ্চিত করেচেন।

গত ১ নভেম্বর সকাল সাড়ে ৯ টার দিকে হাড়াভাঙ্গা গ্রামে বিরোধপূর্ণ জমি নিয়ে ইয়াসিন আলী তার স্ত্রী আফরোজা বেগম ও তাদের চাচাত দেবর কামাল হোসেন আপন ভাই ইয়ারুল ইসলামের বাড়িতে হামলা চালিয়ে ভাঙচুরের চেষ্টা চালায়।

এসময় তাদের ঠেকাতে গ্রেলে প্রথমে পারুল বেগমকে মারধর করে। এসময় স্ত্রীর মারধর ঠেকাতে আসলে ধারালো অস্ত্র দিয়ে স্বামী ইয়ারুল ইসলামকে কোপ মারে। এতে ইয়ারুল ইসলামের কান কেটে যায়। এতে তার ৩ টি সেলাই দেওয়া হয়। এঘটনায় ইয়ারুল ইসলাম বাদী হয়ে তিনজনকে আসামি করে একটি মামলা দায়ের করেন। সে মামলায় পুলিশ অভিযান চালিয়ে দুজনকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ বৃহস্পতিবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানা পুলিশের অভিযানে ৫ টি মামলার আসামি গ্রেফতার

গাংনী থানা পুলিশের অভিযানে ৫ টি মামলায় আদালতের পরোয়ানাভূক্ত পলাতক আসামি তানভীর সাজ্জাদকে গ্রেফতার করেছেন।

গ্রেফতার তানভীর সাজ্জাদ গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের হাওড়াপাড়া এলাকার মিনাল হকের ছেলে।

বুধবার দিবাগত রাতে গাংনী থানার এসআই মাসুদ, এসআই আশিক, এএসআই জাহিদ সঙ্গীয় ফোর্সসহ ছাতিয়ান গ্রামে তার বাড়িতে অভিযান চালিয়ে তানভীর সাজ্জাদকে গ্রেফতার করেন।

সিআর ১৭১৮/২২ নং মামলায় তাকে গ্রেফতার করার পর জানা গেছে, তার বিরুদ্ধে মোট ৫ টি মামলায় আদালত গ্রেফতারী পরোয়ানা জারি করেছে।

গ্রেফতারকৃত তানভীর সাজ্জাদকে আজ বৃহস্পতিবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।